এবার শুরু হচ্ছে নতুন সুন্দরী প্রতিযোগিতা ‘মিস ঢাকা’

‘বিউটি ইজ নট ইন দি ফেস; বিউটি ইজ দ্য লাইট ইন দ্যা হার্ট’ এই প্রতিপাদ্য নিয়ে শুরু হচ্ছে সুন্দরী প্রতিযোগিতা ‘মিস ঢাকা ২০২০’। সুন্দরী এ প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন ১৮ থেকে ২৫ বছর বয়সী নারীরা। ঢাকা মহানগরীতে যারা থাকেন শুধুমাত্র তারাই অংশ নিতে পারবেন।

ওয়েবসাইটসহ মোবাইল অ্যাপসের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। আজ রবিবার রাত থেকে রেজিস্ট্রেশন শুরু হবে। এই প্রতিযোগিতার মূল আইকন মাদার তেরেসা, নবাব বেগম ফয়জুন্নেসা চৌধুরানী, বেগম রোকেয়া ও বেগম সুফিয়া কামাল।

রবিবার বিকেলে রাজধানীর অফিসার্স ক্লাবে প্রতিযোগিতার উদ্বোধন ও লোগো উন্মোচন উপলক্ষে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন তথ্য প্রতিমন্ত্রী ডাঃ মো. মুরাদ হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাট্যব্যক্তিত্ব ড. ইনামুল হক ও বাচসাস সভাপতি ফাল্গুনী হামিদ। প্রতিযোগিতার আয়োজক স্টার প্লাস কমিউনিকেশন।